



‘সমানো মন্ত্র: সমিতি: সমানী’

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 5th Semester Examination, 2022

CC11-BENGALI

OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) ‘বঙ্গভাষা’ সনেটটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? এটি কত সালে প্রকাশিত হয়েছে এবং কোথায় বসে লেখা হয়েছে?
- (খ) ‘আমার কৈফিয়ৎ’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? ‘নবী’ বলতে কবি কাদের বুঝিয়েছেন? ‘শনিবারের চিঠি’র সম্পাদকের নাম কী?
- (গ) ‘বুদ্ধদেব’ কবিতাটি কার লেখা? কবিতাটি কোন্ পত্রিকায়, কবে প্রকাশিত হয়?
- (ঘ) ‘পদাতিক’ কবিতাটির প্রথম সংস্করণ কবে, কোথা থেকে প্রকাশিত হয়? কবি কাকে কবিতাটি উৎসর্গ করেছিলেন?
- (ঙ) ‘পাহু’ কবিতাটি কার উদ্দেশ্যে লিখিত? কবি কে? কবিতাটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?
- (চ) “‘মদন হয়েছে ভঙ্গ, রতি কাঁদে গুমরি’ গুমরি” — কোন্ কবিতার অংশ? মদন ও রতি কে?

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) ‘অতৃপ্তি’ কবিতায় কবির অতৃপ্ত হৃদয়ের চিরকালীন ব্যাকুলতার যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।
- (খ) ‘চোর’ কবিতাটির ভাববস্তু আলোচনা করে কবিতাটির নামকরণ যথার্থ হয়েছে কিনা আলোচনা করো।
- (গ) ‘বঙ্গভাষা’ সনেটটি অবলম্বনে কবির বঙ্গভাষা ও সাহিত্যপ্রীতির যে পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে লেখো।
- (ঘ) ‘ফুল ফুটুক না ফুটুক’ কবিতায় আধুনিক জীবনের সংকট যেভাবে রূপায়িত হয়েছে তা উপযুক্ত উদ্ধৃতিসহ বুঝিয়ে দাও।
- (ঙ) “‘ভরিয়া কপাল-পাত্রে অবিরল অনল তরল,
অটুহাস্যে নিবারিয়া মমতার গলদশ্ৰুজল” — নিহিতার্থ লেখো।
- (চ) “‘বর্ণমালা আমার দুঃখিনী বর্ণমালা” — কবিতায় মাতৃভাষার প্রতি কবির অনুরাগ যেভাবে ব্যক্ত হয়েছে তার আলোচনা করো।

বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১২×২ = ২৪
- (ক) দেহ-নির্ভর প্রেম চেতনার উৎকৃষ্ট কবিতা হিসেবে ‘বন্দীর বন্দনা’ কবিতাটির ভাববস্তু বিশ্লেষণ করো।
- (খ) ‘বোধ’ এবং ‘আট বছর আগের একদিন’ কবিতা দুটির ভাবসাদৃশ্য আলোচনা করো।
- (গ) ‘আমার কৈফিয়ৎ’ কবিতায় কবির বিরুদ্ধে ওঠা অভিযোগগুলো কী ছিল এবং কবি সেগুলোকে কীভাবে খণ্ডন করেছেন?
- (ঘ) ‘পদাতিক’ কবিতাটিতে সমকালীন যুগের যে পরিচয় ফুটেছে তার পরিচয় দাও।

—X—